



স্মারক নং- বাশিএ-সিল ১৫৯/২০১৪-২১/৪৬

তারিখ : ৫ আগস্ট ২০২১ খ্রিঃ।

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস' ২০২১ পালন উপলক্ষে (অনলাইনে) প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস' ২০২১ উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ক্রম	কর্মসূচির বিবরণ	বিভাগ ও শ্রেণি	ভিডিও পাঠানোর সর্বশেষ তারিখ ও সময়
১	বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' বই থেকে পাঠ প্রতিযোগিতা। (বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের যে কোন পৃষ্ঠা থেকে পাঠ করা ভিডিও নির্ধারিত সময়ের মধ্যে পাঠাতে হবে। সময়- অনূর্ধ্ব ৩ মিনিট	ক-শিশু-৩য় শ্রেণি	আগামী ১২ আগস্ট ২০২১ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০টার মধ্যে নিম্নলিখিত ই-মেইলে ভিডিও পাঠাতে হবে।
		খ-৪র্থ-৬ষ্ঠ শ্রেণি	
		গ-৭ম-১০ম শ্রেণি	
২	ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা	ক-শিশু-৩য় শ্রেণি	অমর নাম কবি- শামসুর রাহমান
		খ-৪র্থ-৬ষ্ঠ শ্রেণি	সেই কবিতাটি লেখা হয় নাই কবি- মহাদেব সাহা
		গ-৭ম-১০ম শ্রেণি	আমার পরিচয় (প্রথম ২২ লাইন) কবি- সৈয়দ শামসুল হক
৩	পুরস্কার বিতরণ ১৫ আগস্ট বেলা ১২.৩০টা স্থান: জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, সিলেট।		
৪	যেভাবে অংশগ্রহণ করতে হবে	উপরোল্লিখিত ছড়া/কবিতা আবৃত্তি ভিডিও করে এবং অসমাপ্ত আত্মজীবনীর পাঠ ভিডিও করে নিম্নলিখিত ইমেইলে পাঠাতে হবে। 1.email-bsashyamol@gmail.com ভিডিও ক্লিপ পাঠানোর শেষ সময় ১২ ই আগস্ট ২০২১ খ্রি. বেলা ৩.০০টা	

প্রাপক

.....
.....

সাইদুর রহমান জুএগ
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি
সিলেট।
bsasy1het@gmail.com

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে :

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিলেট।
- ৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট।
- ৪। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।

অমর নাম

শামসুর রাহমান

• একটি ছেলে, গাঁয়ের ছেলে
মাঠে-ঘাটে ছোটে,
রোদের মতো তাজা হাসি
ফোটে যে তার ঠোঁটে ।

ঘাসের দিকে, লতার দিকে
তাকায় ভালোবেসে,
মধুমতী নদী তাকে
দেখে ওঠে হেসে ।

এই ছেলেটি বড় হয়ে
দেশের লোকের তরে,
শত্রুসেনার সঙ্গে জীবন
বাজি রেখে লড়ে ।

জেল-জুলুমে দিন কাটে তার,
ভয় পায় না মোটে,
মুক্তি পেলে তার মিছিলে
সবাই এসে জোটে ।

গাছের পাতা, ধূলিকণা
বলছে অবিরাম, -

‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর
অমর তোমার নাম ।’

সেই কবিতাটি লেখা হয় নাই

মহাদেব সাহা

সেই কবিতাটি লেখা হয় নাই
লিখবেন কোনো কবি
সেই কবিতাটি কবিতা তো নয়
মুজিবের মুখচ্ছবি ।

সেই কবিতাটি লেখা হবে ঠিক
কালি ও কাগজে নয়
হৃদয়ে হৃদয়ে লেখা হবে সেই
অমর পঙ্ক্তিচয়!

সেই কবিতাটি পড়বে দাঁড়িয়ে
মানুষের সাথে পাখি
সেই কবিতাটি শাপলা-গোলাপ
দিঘিরও পদ্ব নাকি?
সেই কবিতা টি লেখা হয় নাই
লিখবেন এক কবি,
হয়তো তা কোনো কবিতাই নয়
একটি মুখের ছবি ।

সেই কবিতাটি পড়া হবে ঠিক
বাংলার ঘরে ঘরে,
সেই কবিতাটি দু'ফোঁটা অশ্রু
মানুষের অন্তরে ।

সেই কবিতাটি

সেই



REDMI NOTE 8 PRO
AI QUAD CAMERA



REDMI NOTE 8 PRO
AI QUAD CAMERA

আমার পরিচয়

সৈয়দ শামসুল হক

আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,
আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি ।
চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে ।
তেরোশত নদী শুধায় আমাকে, 'কোথা থেকে তুমি এলে'?

আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে ।
আমি তো এসেছি সওদাগরের ডিঙার বহর থেকে ।
আমি তো এসেছি কৈবর্তের বিদ্রোহী গ্রাম থেকে ।
আমি তো এসেছি পালযুগ নামে চিত্রকলার থেকে ।

এসেছি বাঙালি পাহাড়পুরের বৌদ্ধবিহার থেকে ।
এসেছি বাঙালি জোড়বাংলার মন্দির-বেদি থেকে ।
এসেছি বাঙালি বরেন্দ্রভূমে সোনা মসজিদ থেকে ।
এসেছি বাঙালি আউল-বাউল মাটির দেউল থেকে ।

আমি তো এসেছি সার্বভৌম বারোভুঁইয়ার থেকে ।
আমি তো এসেছি 'কমলার দীঘি' 'মহুয়ার পালা' থেকে ।
আমি তো এসেছি তিতুমীর আর হাজী শরীয়ত থেকে ।
আমি তো এসেছি গীতাঞ্জলি ও অগ্নিবীণার থেকে ।

এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্য সেনের থেকে ।
এসেছি বাঙালি জয়নুল আর অবন ঠাকুর থেকে ।
এসেছি বাঙালি রাষ্ট্রভাষার লাল রাজপথ থেকে ।
এসেছি বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর থেকে ।
আমি যে এসেছি জয়বাংলার বজ্রকণ্ঠ থেকে ।
আমি যে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে ।

১৫ ষষ্ঠ



REDMI NOTE 8 PRO

আমি যে এসেছি